তারিখ ... 27 JUL 1990 ...
পৃষ্ঠা... 2 ... কলাম 2 ...

দৈনিক সংবাদ

2

27

# শিক্ষক-কর্মচারীরা আগস্ট থেকে প্রতি মাসে বেতন পাবেন

॥ শওকত মাহমুদ ॥

সরকারের পক্ষ থেকে প্রায় ৪০ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের আড়াই লাখের মত শিক্ষক-কর্মচারীর বেতন মাসে মাসে দেবার ব্যাপারে সিদ্ধান্ত হয়েছে। দীর্ঘদিনের নিয়ম অনুযায়ী তিন মাসের বেতন এক সাথে দেয়া হয়।

অর্থ সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় সিদ্ধান্ত হয় যে, মাসে মাসে প্রদত্ত বেতন মাসের ২০ তারিখের মধ্যে শিক্ষক-কর্মচারীদের হাতে পৌছাতে হবে। আগামী মাস থেকে এটি কার্যকর হবে।

সরকার আড়াই লাখ শিক্ষক-কর্মচারীর বেতনের ৭০ ভাগ দিয়ে থাকেন। এর পরিমাণ মাসে ২৬ কোটি টাকা। তিন মাসের প্রাপ্য বেতন এক সাথে দেয়া হয়। অর্থ মন্ত্রণালয়ের

( শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ )

## শিক্ষক-কর্মচারী

(১ম পাতার পর)

অনুমোদন হয়ে চারটি তফসিলী ব্যাংকের মাধ্যমে শিক্ষক-কর্মচারীদের বেতন হাতে পৌছুতে পৌছুতে চার-পাঁচ মাস লেগে যেত। শিক্ষক-কর্মচারীরা দীর্ঘদিন ধরে মাসের বেতন মাসে পরিশোধের দাবী জানিয়ে আসছিল।

গতকাল বৃহস্পতিবার শিক্ষা সচিবের সভাপতিত্বে এ ব্যাপারে একটি বৈঠক হয়। এতে উল্লিখিত ব্যাংকগুলোর কর্মকর্তা ও অর্থ মন্ত্রণালয়ের কর্মকর্তারা ছিলেন। সভায় ব্যাংকগুলো প্রতি মাসের বেতন প্রতি মাসে দেবার ব্যবস্থায় কিছুটা নিমরাজী থাকলেও তারা জানায়, তিন মাসের বেতন ব্যাংকের কাছে অগ্রিম দিয়ে রাখলে সেখান থেকে মাসের বেতন মাসে দেয়া যেতে পারে; কিন্তু অর্থ মন্ত্রণালয় এই বলে আপত্তি জানায় যে, এক সাথে এত টাকা দেয়া যাবে না। অবশেষে রফা হয় যে, মাসের বেতন মাসেই দেয়া হবে। সিদ্ধান্ত হয় যে, জুলাই মাসের বেতন শিক্ষক-কর্মচারীদের হাতে পৌছুবে আগস্ট মাসের ২০ তারিখে।